রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ২০, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**বিশেষ আদেশ**

তারিখঃ ৩০ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ কর্তৃক প্রদত্ত সেবাকে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান।**

**নং ১২/মূসক/২০১৫**—যেহেতু, বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য সাধারণভাবে অতিরিক্ত ব্যয় হয় এবং যেহেতু বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ কর্তৃক প্রদত্ত সেবার উপর মূল্য সংযোজন কর আরোপ করিলে শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার ব্যয় অধিকতর বৃদ্ধি পাইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ কর্তৃক প্রদত্ত সেবাকে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। জনস্বার্থে এই আদেশ ০৪ জুন, ২০১৫খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০